

আশুগঞ্জ সার কারখানা কলেজ

বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রি:

শ্রেণিঃ একাদশ, বিষয়ঃ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র, (সৃজনশীল প্রশ্ন)

সময়ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৭০

[বিশেষ দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সকল প্রশ্নের উত্তর দাও।]

১। সান কোম্পানি কাপড় কেটে বিভিন্ন সাইজের টি-শার্ট তৈরি করে। পণ্যের গুণগত মানের জন্য প্রতিষ্ঠানটি ইউরোপের বাজার থেকে ৫ লক্ষ পিস টি-শার্টের ফরমায়েশ পায়ে। প্রয়োজনীয় সকল উপকরণ থাকা স্বত্বেও শ্রমিক ধর্মঘটের কারণে নির্ধারিত সময়ের ১৫ দিন পরে পণ্য সরবরাহ করলে আমদানিকারক ফরমায়েশ বাতিল করে দেয়। ফলে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়।

- ক) উৎপাদন কী? ১
খ) গুদামজাতকরণ ব্যবস্থার মাধ্যমে কোন উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ) সান কোম্পানি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর।

৩

ঘ) “উৎপাদনশীলতার সুবিধা না পাওয়াই প্রতিষ্ঠানটির ক্ষতির মূল কারণ”- তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

২। বাংলাদেশে 4G মোবাইল ফোনের ব্যাপক চাহিদা থাকায় নিলয় ঢাকার নিউমার্কেটে ৫০ কোটি টাকা বিনিয়োগ করে “রংধনু টেলিকম” নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রাথমিক পর্যায়ে ১২০ জন মোবাইল বিশেষজ্ঞ ও বিক্রয়কর্মী নিয়োগ দিয়ে তিনি এ কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে আরও ১৫০ জন বিশেষজ্ঞ কর্মী নিয়োগ দেন। এর ফলে প্রতিষ্ঠানের সফলতা উত্তরোত্তর বৃদ্ধি পায়।

- ক) মিতব্যয়ী উৎপাদন মাত্রা কী? ১
খ) কেন মাঝারি এন্টারপ্রাইজ থেকে ক্ষুদ্র এন্টারপ্রাইজ ভিন্ন? ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকে “রংধনু টেলিকম” প্রতিষ্ঠানটি কোন ধরনের এন্টারপ্রাইজ? ব্যাখ্যা কর। ৩
ঘ) দেশের অর্থনৈতিক উন্নয়নে “রংধনু টেলিকম” কতটুকু ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৩। শিহাব বনানীতে “শিহাব ব্রাদার্স লিঃ” নামে একটি হোটেল ব্যবসায় শুরু করেন। মানসম্মত খাবার পরিবেশনের কারণে সুনাম বৃদ্ধি পায়। কিন্তু একসময় ধীরে ধীরে রান্নার মান খারাপ হওয়ায় হোটেলটি লোকসানের সম্মুখীন হয়। প্রশিক্ষণপ্রাপ্ত বাবুর্চী নিয়োগ দিলে হোটেল পুনরায় লাভবান হয়।

- ক) দ্রব্য কী? ১
খ) “সেবা অম্পর্শনীয়” বুঝিয়ে দাও। ২

গ) হোটেল কর্তৃপক্ষ কোন কাজটি যথাযথভাবে অনুসরণ করেনি? ব্যাখ্যা কর।

৩

ঘ) কাস্টমাইজেশন ই-হোটেল ব্যবসায় সফলতার মূলকারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।

৪

৪। সুপার ডিলাক্স একটি বৃহৎ এনার্জি বাল্ব প্রস্তুতকারি প্রতিষ্ঠান গত তিন মাসে প্রতিষ্ঠানটির সরবরাহকৃত ৪০% বাল্ব নষ্ট হওয়াতে ফেরৎ আসে। ফলে প্রচুর লোকসানের সম্মুখিন হন। ভবিষ্যতে কাচামাল ও প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে প্রতিষ্ঠানটি এ অবস্থা থেকে মুক্তি পেতে চায়।

ক) মান ব্যবস্থাপনা কী?

১

খ) মূল্যায়ন ব্যয় বলতে কী বোঝায়?

২

গ) বাল্ব নষ্ট হওয়ার ফলে সুপার ডিলাক্স এর কোন ধরনের ব্যয় বৃদ্ধি পায়? ব্যাখ্যা কর।

৩

ঘ) প্রযুক্তির উন্নয়ন ঘটালে সুপার ডিলাক্স কী লোকসানের হাত হতে রক্ষা পেতে পারে? মতামত দাও।

৪

৫। দুইটি দেশের কিছু তথ্য নিচে দেওয়া হলো:

বিবরণ	ক দেশ (কোটি টাকা)	খ দেশ (কোটি টাকা)
মোট দেশজ উৎপাদন	৪০০	৬০০
সম্পত্তির অবচয়	১২০	১২০
পরোক্ষ কর	৪০	৮০
হস্তান্তর পাওনা	৪০	১২০
সরকারের উদ্বৃত্ত মুনাফা	২০	৪০
সরকার প্রদত্ত ভর্তুকি	৬০	৮০
জনসংখ্যা	৪ কোটি	৬ কোটি

ক) মোট দেশজ উৎপাদন (GDP) কী?

১

খ) নিট দেশজ উৎপাদন (NDP) কীভাবে নির্ণয় করা যায়?

২

গ) দেশ দুটির জাতীয় আয় নির্ণয় কর।

৩

ঘ) মাথাপিছু আয়ের ভিত্তিতে দেশ দুটির অর্থনৈতিক অবস্থা মূল্যায়ন কর।

৪

৬। রাজশাহীর আকবরিয়া কনফেকশনারি ফুড প্রোডাক্টস প্রতিষ্ঠানটি বিভিন্ন শহরে নিজস্ব শো-রুমের মাধ্যমে বেকারী পণ্যসামগ্রী বিক্রয় করে। চাহিদা বৃদ্ধি পাওয়ায় উৎপাদিত পণ্য এখন মজুদ রাখার চিন্তা-ভাবনা চলছে।

ক) পরিবর্তনশীল ব্যয় কী?

১

খ) কারখানা আইন বলতে কী বোঝায়?

২

গ) আকবরিয়া কনফেকশনারি ফুড প্রোডাক্টস কোন ধরনের লে-আউট অনুসরণ করেছে? ব্যাখ্যা কর।

৩

ঘ) আকবরিয়া ফুড প্রোডাক্টস কর্তৃক উৎপাদিত পণ্য মজুদ রাখার সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৭। বিক্রমপুরের সুনীল ঘোষ একজন আলু ব্যবসায়ী। তিনি শহরের প্রাণকেন্দ্রে নতুন একটি হিমাগার স্থাপনের বিষয়ে বন্ধুর সাথে আলোচনা করেন। বিক্রমপুরে নদী পথের সুযোগ সুবিধা থাকায় তার বন্ধু নদীর তীরবর্তী স্থানে হিমাগার স্থাপনের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক) ব্যবসায়ের অবস্থান কী? ১

খ) “ব্যবসায় প্রতিষ্ঠানের সঠিক অবস্থান ব্যবসায়ের সফলতার নির্ধারক”- ব্যাখ্যা কর। ২

গ) নদীর তীরবর্তী স্থানে হিমাগার স্থাপনের প্রধান কারণ উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) “ব্যবসায়ের প্রকৃতি অনুযায়ী ব্যবসায় প্রতিষ্ঠানের অবস্থান নির্ধারণ করতে হয়।” উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ণ কর। ৪